



## সংখ্যালঘু ভাষাভাষীদের জন্য ভোটাধিকার সুরক্ষা ভোটাধিকার আইনের সেকশন 203

আমাদের বৈচিত্র্যপূর্ণ দেশে, অনেক আমেরিকান নাগরিকেরই প্রধান ভাষা ইংরেজী নয় এবং অনেকেরই ইংরেজী পড়তে, বলতে, লিখতে, বা বুঝতে অসুবিধা হয়। আমাদের গণতন্ত্রে ফলপ্রসূভাবে অবদান রাখতে এবং অবহিত ভোটার হতে সীমিত-ইংরেজী দক্ষতাসম্পন্ন নাগরিকদের ইংরেজী ছাড়া অন্য কোনো ভাষায় তথ্যের প্রয়োজন হয়। ভোটাধিকার আইনের (Voting Rights Act, VRA) সেকশন 203 এই সমস্ত আমেরিকানদের অনেকের ভোটাধিকারকে সুরক্ষা দেয়।

### ভোটাধিকার আইনের সেকশন 203<sup>1</sup>

সেকশন 203 এর লক্ষ্য হল নাগরিকদের ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার, নির্বাচন সম্পর্কে বিশদ জানার এবং একটি অবহিত ব্যালট জমা দেওয়ার কার্যকর সুযোগ রয়েছে তা নিশ্চিত করা।

কংগ্রেস 1975 সালে সেকশন 203 অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে VRA সংশোধন করে কারণ তারা দেখেছিল যে হিস্পানিক, এশিয়ান আমেরিকান, নেটিভ আমেরিকান এবং আলাস্কান নেটিভ নাগরিকদের (“সংখ্যালঘু ভাষাভাষীগণ”) “কার্যকরভাবে নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণ থেকে বাদ দেওয়া হয়েছে।” তাদের সাংবিধানিক অধিকার রক্ষার উদ্দেশ্যে, কংগ্রেস উল্লেখ করে যে, “এহেন বৈষম্য দূর করা জরুরী।”

#### সেকশন 203 এর আওতায় কোন ভাষাভাষী গোষ্ঠীগুলি রয়েছে?

সেকশন 203 এই “সংখ্যালঘু ভাষাভাষী” নাগরিকদের সুরক্ষা দেয়: হিস্পানিক, এশিয়ান আমেরিকান, নেটিভ আমেরিকান এবং আলাস্কান নেটিভ।

<sup>1</sup> এই নির্দেশনাটি ভোটাধিকার আইনের সেকশন 203 অনুসারে সংখ্যালঘু ভাষাভাষী গোষ্ঠীসমূহের অধিকার সম্পর্কে তথ্য দেয়। এই নির্দেশনাটি কোনো আইনী বাধ্যবাধকতা আরোপ করে না এবং এটিকে সর্বাঙ্গীণ বলে ধরা যাবে না।



# মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায়বিচার বিভাগ

## কারা ইংরেজী ভিন্ন অন্য ভাষাসমূহে উপকরণ ও সহায়তা দিতে বাধ্য?

প্রতি পাঁচ বছর অন্তর, যুক্তরাষ্ট্রের আদমশুমারি ব্যুরো অধিক্ষেত্রসমূহের একটি তালিকা প্রকাশ করে (উদাহরণস্বরূপ, কাউন্টি এবং শহরসমূহ) যাদেরকে অবশ্যই এক বা একাধিক অ-ইংরেজী ভাষায় নির্বাচন-সম্পর্কিত উপকরণ এবং সহায়তা প্রদান করতে হবে। এই তালিকাটি প্রস্তুত করতে আদমশুমারী ব্যুরো সেকশন 203 এ একটি ফর্মুলা প্রয়োগ করে। কিছু জায়গায়, সেকশন 203 এর বাধ্যবাধকতা প্রণোদিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যায় দুই বা ততোধিক সংখ্যালঘু ভাষাভাষী গোষ্ঠী উপস্থিত রয়েছে। 2021 সালের ডিসেম্বরে বের হওয়া আওতাভুক্ত অধিক্ষেত্রসমূহের সর্বশেষ হালনাগাদ তালিকাটি রয়েছে [www.justice.gov/crt/about-language-minority-voting-rights](http://www.justice.gov/crt/about-language-minority-voting-rights) এ।

## সেকশন 203 এর অধীনে কোনো অধিক্ষেত্র আছে কিনা তা কী করে বুঝবে?

আদমশুমারী ব্যুরোর সিদ্ধান্ত অনুযায়ী, যুক্তরাষ্ট্রের ন্যায়বিচার বিভাগ (“বিভাগ”) অধিক্ষেত্রসমূহকে জানায় যে তারা সেকশন 203 এর আওতাভুক্ত।

## সেকশন 203 অনুযায়ী, আওতাভুক্ত অধিক্ষেত্রসমূহকে কী করতে হয়?

আওতাভুক্ত অধিক্ষেত্রসমূহের যেগুলি নির্বাচন-সম্পর্কিত উপকরণগুলি এবং ইংরেজিতে মৌখিক ভাষা সহায়তা প্রদান করে তাদের অবশ্যই সেই উপকরণ এবং সহায়তাগুলিকে প্রয়োজন অনুসারে অ-ইংরেজি ভাষাসমূহে উপলব্ধ রাখতে হবে যাতে নাগরিকরা নির্বাচনে কার্যকরভাবে অংশগ্রহণ করতে পারে। সেকশন 203 এর বাধ্যবাধকতাসমূহ ভোট দেওয়ার জন্য নিবন্ধন করা থেকে শুরু করে নির্বাচন পরিচালনা ও ব্যালট প্রদান করা সহ ভোটদান প্রক্রিয়ার সকল পর্যায়ে কার্যকর হবে।

## সেকশন 203 এর অধীনে কোন নির্বাচনসমূহ রয়েছে?

সেকশন 203 এর বাধ্যবাধকতাসমূহ একটি আওতাভুক্ত অধিক্ষেত্রের অভ্যন্তরে সাধারণ, প্রাথমিক এবং বিশেষ নির্বাচনসমূহ সহ যে কোনো ধরনের ফেডারেল, স্টেট বা স্থানীয় নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য।



## সঠিকভাবে অনুবাদকৃত এবং কার্যকরভাবে বিলিকৃত দ্বিভাষীক নির্বাচনী উপকরণসমূহ

### কোন নির্বাচন-বিষয়ক উপকরণসমূহ অবশ্যই অনুবাদ করতে হবে?

যখন আওতাভুক্ত অধিক্ষেত্রসমূহ কোনো নিবন্ধন বা ভোটদানের নোটিশ, ফর্ম, নির্দেশাবলী, সহায়তা, ব্যালট, বা অন্যান্য উপকরণ অথবা ভোটিং প্রক্রিয়া বা নির্বাচন সম্পর্কে তথ্য প্রদান করে, তখন তাদের অবশ্যই সেই উপকরণগুলি ইংরেজি এবং প্রয়োজনীয় সংখ্যালঘু ভাষার উভয়টিতেই প্রদান করতে হবে।

আওতাভুক্ত অধিক্ষেত্রসমূহকে অবশ্যই নিশ্চিত করতে হবে যেন প্রয়োজনীয় অ-ইংরেজী ভাষায় উপলব্ধ লিখিত তথ্য ও উপকরণসমূহ স্বচ্ছ, সম্পূর্ণ এবং সঠিকভাবে অনুবাদকৃত হয়।

অনুবাদ অবশ্যই সঠিক হতে হবে এবং সংখ্যালঘু ভাষাভাষী সম্প্রদায়ের প্রয়োজন মেটাতে সক্ষম হতে হবে। স্থানীয় কর্মকর্তাদের উচিত সেই ভাষাভাষী সংখ্যালঘু গোষ্ঠীর সদস্যদের সাথে অনুবাদ করা উপকরণসমূহের নির্ভুলতা এবং সেই সংখ্যালঘু সম্প্রদায়ের ভাষার জন্য অনন্য কোনো বৈচিত্র্য, যেমন উপভাষাসমূহের উল্লেখযোগ্য পার্থক্যের বিষয়ে পরামর্শ করা।

ঐতিহাসিকভাবে অলিখিত ভাষাসমূহের ক্ষেত্রে, অধিক্ষেত্রসমূহের উচিত সংখ্যালঘু ভাষাভাষী সম্প্রদায়ের সাথে কাজ করে নির্ধারণ করা যে উপযুক্ত ভোটারদের কাছে নির্বাচনী তথ্যাবলী পৌঁছে দেওয়ার সেরা উপায় কোনটি।

## দ্বিভাষী নির্বাচনী কর্মকর্তা ও ভোটকেন্দ্র কর্মীগণ

### সেকশন 203 অনুসারে সংখ্যালঘু ভাষাভাষী ভোটারদেরকে কীভাবে মৌখিক ভাষা সহায়তা প্রদান করা হয়?

সেকশন 203 এর অধীনে থাকা অধিক্ষেত্রসমূহকে সংখ্যালঘু ভাষাভাষী সম্প্রদায়সমূহকে কার্যকরভাবে ভোটদান প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য অবশ্যই মৌখিক সহায়তা প্রদান করতে হবে।

তারা সাধারণত প্রয়োজনীয় ভোটগ্রহণ কেন্দ্রে দ্বিভাষী ভোটকেন্দ্র কর্মী নিয়োগের মাধ্যমে এটি করে থাকে। ভোটকেন্দ্র কর্মীরা যেন VRA এর ভাষা সহায়তা বাধ্যবাধকতা সম্পর্কে প্রশিক্ষিত থাকেন সেটি গুরুত্বপূর্ণ।



# মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায়বিচার বিভাগ

একটি ভোটকেন্দ্রে প্রয়োজনীয় দ্বিভাষী ভোট কর্মীদের সংখ্যা নির্ধারণ করার জন্য আওতাভুক্ত অধিক্ষেত্রসমূহের তথ্য বিবেচনা করা উচিত যেমন আওতাভুক্ত সংখ্যালঘু ভাষাভাষী গোষ্ঠীর কতজন সদস্য একটি এলাকায় নিবন্ধিত ভোটার এবং তাদের ইংরেজী দক্ষতা কেমন।

সম্প্রদায়ের সাথে আলোচনায় বসলে তা স্থানীয় নির্বাচনী কর্মকর্তাদেরকে দ্বিভাষী ভোটকেন্দ্র কর্মকর্তা এবং কর্মী সনাক্ত করতে সাহায্য করতে পারে।

## সম্প্রদায়ের অন্তর্ভুক্তিকরণ ও প্রচার

*নির্বাচনী কর্মকর্তারা কীভাবে একটি দ্বিভাষী নির্বাচন প্রকল্প বাস্তবায়নে সম্প্রদায়ের সদস্য ও অন্যান্য অংশীদারদের অন্তর্ভুক্ত করতে পারেন?*

সংখ্যালঘু ভাষাভাষী সম্প্রদায়ের সদস্য ও অন্যান্য সমর্থক এবং অংশীদারগণ একটি কার্যকর দ্বিভাষী নির্বাচন প্রকল্প বাস্তবায়ন ও তা বজায় রাখতে সাহায্য করতে পারেন। আইনগত বাধ্যবাধকতা এবং ভাষাভাষী সম্প্রদায়ের চাহিদা পূরণ করে এমন একটি কার্যকর কর্মসূচি বাস্তবায়নের জন্য, স্থানীয় নির্বাচন কর্মকর্তাদের সংখ্যালঘু ভাষাভাষী সম্প্রদায় এবং সেই সম্প্রদায়ের সাথে কাজ করে এমন সংস্থাগুলির মধ্যে বিস্তৃত পরিসরে পরিচিতি তৈরি করা উচিত।

সেই সাথে নির্বাচনী কর্মকর্তাদের উচিত নির্বাচনী তথ্যাবলী জনগণের কাছে পৌঁছানো, দ্বিভাষী কর্মীদের নিয়োগ এবং ভোটারদের চাহিদা পূরণের সেরা উপায় জানার জন্য তাদের সংখ্যালঘু ভাষাভাষী সম্প্রদায়সমূহের সদস্যদের সাথে পরামর্শ করা। এই প্রচারের মধ্যে যেখানে উপলব্ধ সেখানে সংখ্যালঘু ভাষার মিডিয়া ব্যবহার এবং নির্বাচনী ওয়েবসাইটে সঠিকভাবে অনুবাদ করা সামগ্রী অন্তর্ভুক্ত করা উচিত।

*সম্প্রদায়ের সদস্যরা কীভাবে একটি দ্বিভাষী নির্বাচনী প্রকল্পে অংশগ্রহণ করতে পারেন?*

সম্প্রদায়ের সদস্যরা স্থানীয় নির্বাচন কর্মকর্তা, সেই সাথে সিটি ও কাউন্টি কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে পরামর্শ দিতে পারেন ও সংখ্যালঘু ভাষাভাষী নির্বাচন প্রকল্পে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন। এছাড়াও সম্প্রদায়ের দ্বিভাষী সদস্যরা ভোটকেন্দ্র কর্মী হিসাবে স্বেচ্ছাসেবক হতে পারেন, অনুবাদ করা উপকরণসমূহ সম্পর্কে মতামত দিতে পারেন, বা সীমিত-ইংরেজী দক্ষতাসম্পন্ন ভোটারদের ভাষাগত প্রয়োজন বুঝতে সহায়তা করতে পারেন।



# মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায়বিচার বিভাগ

সম্প্রদায়ের সদস্যদের উচিত সেকশন 203 মেনে চলা-সম্পর্কিত যে কোনো সমস্যা, স্থানীয় নির্বাচন কর্মকর্তাদের জানানো এবং যদি সেই কর্মকর্তারা সঠিকভাবে সমস্যাটি সমাধান না করেন তাহলে বিভাগকে 1-(800) 253-3931 নম্বরে বা [www.civilrights.justice.gov](http://www.civilrights.justice.gov)-এ জানানো।

## যুক্তরাষ্ট্রের ন্যায়বিচার বিভাগের ভূমিকা

*আওতাভুক্ত অধিক্ষেত্রসমূহ যেন সীমিত-ইংরেজী দক্ষতাসম্পন্ন ভোটারদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করে তা নিশ্চিত করতে বিভাগের ভূমিকা কী?*

অবহিত করা বিভাগ অধিক্ষেত্রগুলিকে জানায় যে সেগুলি সেকশন 203 এর আওতায় রয়েছে এবং সম্প্রদায়গুলিকে আইন ও ভাষা সহায়তার প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত করে।

সহায়তা করা বিভাগটি একটি সফল ভাষা সহায়তা প্রকল্প তৈরি ও বাস্তবায়নের বিষয়ে অধিক্ষেত্রসমূহকে তথ্য প্রদান করে এবং ভাষা সহায়তার বাধ্যবাধকতাসমূহ মেনে চলার বিষয়ে প্রশ্নের উত্তর দেয়।

এছাড়াও এই বিভাগ স্থানীয় নির্বাচন কর্মকর্তাদেরকে কীভাবে সেকশন 203 মেনে চলতে হবে সে সম্পর্কে নির্দেশনা দেয়। এই নির্দেশনাসমূহের শিরোনাম হচ্ছে “সংখ্যালঘু ভাষাভাষী গোষ্ঠীসমূহের প্রেক্ষিতে ভোটাধিকার আইনের নীতিসমূহের প্রয়োগ।” 28 C.F.R. অংশ 55 ([www.justice.gov/crt/page/file/927236/dl?inline](http://www.justice.gov/crt/page/file/927236/dl?inline))।

কার্যকর করা বিভাগটি সেকশন 203 এর লঙ্ঘনের অভিযোগসমূহ তদন্ত করে এবং লঙ্ঘন থামানোর জন্য যথাযথ বলবতকরণ পদক্ষেপ নেয়।

## আরো জানা এবং যুক্তরাষ্ট্রের ন্যায়বিচার বিভাগের সাথে যোগাযোগ করা

*আমি কোথায় সেকশন 203 সম্পর্কে আরো তথ্য পেতে পারি?*

সেকশন 203 এর সম্পূর্ণ লিখিত সংস্করণ, অন্তর্ভুক্ত অধিক্ষেত্রসমূহের একটি তালিকা, এবং যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেলের সংখ্যালঘু ভাষা-সম্পর্কিত নির্দেশনাসমূহ আরো তথ্য আপনি অনলাইনে [www.justice.gov/crt/about-language-minority-voting-rights](http://www.justice.gov/crt/about-language-minority-voting-rights)-এ পেতে পারেন।



# মার্কিন যুক্তরাষ্ট্রের ন্যায়বিচার বিভাগ

*সেকশন 203 সম্পর্কে আমি কীভাবে বিভাগের সাথে যোগাযোগ করতে পারি?*

আপনি 1-(800) 253-3931 নম্বরে কল করে বা [www.civilrights.justice.gov](http://www.civilrights.justice.gov) ঠিকানায় গিয়ে একটি ফর্ম পূরণ করে বিভাগের নাগরিক অধিকার দপ্তরের ভোটদান শাখার সাথে যোগাযোগ করতে পারেন।

U. S. Department of Justice  
Civil Rights Division

**[Justice.gov/voting](https://www.justice.gov/voting)**

Bengali